



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ০৯৯

শেখ হাসিনার উদ্যোগ বলে শেষ করা যাবে না

-পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ০৬ কার্তিক (২২ অক্টোবর):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহুরিয়ার আলম, এমপি বলেছেন, জনগণের সার্বিক উন্নয়নের জন্য শেখ হাসিনা সরকারের যত উদ্যোগ তা বলে শেষ করা যাবে না- এগুলোর সঙ্গে তাল রাখাও অনেক মুশকিল। কারণ- তিনি সবসময়ই দেশকে নিয়ে ভাবেন, দেশের মানুষের প্রয়োজনে নিয়ে নতুন উদ্যোগ গ্রহণ করেন।

আজ রবিবার (২২ অক্টোবর) দুপুরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী তাঁর নির্বাচনি এলাকা রাজশাহীর চারঘাট উপজেলার বনকিশোর উচ্চবিদ্যালয়ে নবনির্মিত চারতলা একাডেমিক ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

দেশের উন্নয়নের জন্য শেখ হাসিনার প্রশংসা করে তিনি বলেন, দেশের মানুষ যাতে ভালো থাকে, সুখে থাকে, সেজন্য আমরা সব করব। দেশে এত উন্নয়ন হচ্ছে- এ সব শুধু শেখ হাসিনার একার কৃতিত্ব বলে তিনি উল্লেখ করেন।

শিক্ষকদের উদ্দেশে এ সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, বিদ্যালয় থেকে আমাদের একটাই প্রত্যশা-শিক্ষার্থীরা যেন মানুষের মতো মানুষ হয়। তারা যেন মাদকাসজ্জিতে আশক্ত না হয়, কোনো খারাপ কাজে লিপ্ত না হয়। খেলাধুলায়, সংস্কৃতিতে, মননে, শিক্ষায় তারা যেন মানুষের মতো মানুষ হয়, শ্রেষ্ঠ হয়, উন্নত হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বনকিশোর উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মঞ্জুরুল হক। বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান মোঃ ফকরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার মোঃ সোহবার হোসেন।

উল্লেখ্য, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রকল্পের আওতায় তিন কোটি টাকা ব্যয়ে চারতলা ভবনটি নির্মাণ করা হয়। প্রতিষ্ঠানে মোট শিক্ষার্থী তিনশত জন।

.....

তৌহিদ/সিকান্দার/রহমান/২০২৩/১৮.২০